

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প”

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।
igaprojectbd@gmail.com

নং- ৩২.০১.০০০০.০০০.২৯.০৬৫.১৮-০৭৩

তারিখ: ০৯ মার্চ ১৪২৯ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” শীর্ষক প্রকল্পের অধীনে ৬৪টি জেলায় নিম্ন বর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে প্রশিক্ষণের জন্য **Online**-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

ট্রেডের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা ও যোগ্যতা
১। কম্পিউটার অ্যান্সিকেশন প্রোগ্রাম ২। কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং এন্ড মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং	উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর (৬৪টি জেলা)	৩ মাস মেয়াদী ৬০ কর্মদিবস ব্যাপী	প্রতি ব্যাচে ৩০ জন করে দুই ব্যাচে ৬০ জন	১৬-৪৫ বৎসর দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী (ইতোপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না)।

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd) এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। **Online**-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(ক) **Online** - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ২৪/০১/২০২৩ খ্রি: সকাল -০৯.০০ টা হতে ২৮/০১/২০২৩ খ্রি: রাত ১২.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF কপি আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।


(খ) উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর (৬৪টি জেলা) (যাহার জন্য যা প্রযোজ্য) আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৯/০১/২০২৩খ্রি: দুপুর-১২.০০ টা।

(গ) বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) আগ্রহী মহিলা প্রশিক্ষণার্থীগণ উপপরিচালকের কার্যালয়, তথ্য আপা প্রকল্প অফিস, ইউনিয়ন ডিজিটাল কেন্দ্র অথবা নিজে নিজে অনলাইনে আবেদন করতে পারবেন।

(ঙ) সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য ২০০/- (দুইশত) টাকা করে ৬০ (ষাট) কর্মদিবসের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

(চ) এছাড়াও প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলি প্রকল্পের ওয়েবসাইট- (iga.dwa.gov.bd) তে পাওয়া যাবে।


২৬/০১/২০২৩

(মোঃ তরিকুল আলম)

অতিরিক্ত সচিব

ও

প্রকল্প পরিচালক

জরুরী প্রয়োজনে যোগাযোগ- ০২-৫৫১৩৮৩২৮, ০১৭১৪-২২৭০৫৮